দৈনিক জনকণ্ঠ

তারিখ . 08 APR 2016 ... ...
পৃষ্ঠা ...২.২. কলাম....২.. ......



*শেরপুর : ঝিনাইগাতীর পাহাড়ি পল্লীতে উদ্বোধন করা প্রাথমিক বিদ্যালয় ভবন* –জনকণ্ঠ

# পাহাড়ী পল্লীতে স্কুল উদ্বোধন

**নিজস্ব সংবাদদাতা, শেরপুর, ৭ এপ্রিল ॥** ঝিনাইগাতী উপজেলার দুর্গম পাহাড়ী জনপদ হালচাটি এলাকার আদিবাসী কোচ পল্লীতে সুবিধাবঞ্চিত শিশুদের জন্য একটি প্রাথমিক বিদ্যালয় ভবন উদ্বোধন করা হয়েছে। বৃহস্পতিবার উপজেলা নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ সেলিম রেজা জাতীয় পতাকা উত্তোলনের মাধ্যমে নবনির্মিত ওই বিদ্যালয় ভবনটির আনুষ্ঠানিক উদ্বোধন করেন। অস্ট্রিয়ার সোনে ইন্টারন্যাশনাল বাংলাদেশ অফিসের ব্যবস্থাপনায় সোনে এডুকেশন এ্যান্ড ট্রেনিং প্রোগ্রাম ইন বাংলাদেশ প্রকল্পের অধীনে সোনে হালচাটি প্রাথমিক বিদ্যালয়টি স্থাপন করা হয়েছে। উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটির সভাপতি ও জমিদাতা সুরেন্দ্র চন্দ্র কোচ। এ সময় বক্তব্য রাখেন সোনে ইন্টারন্যাশনাল সেক্রেটারি জেনারেল আলফ্রেড মালে, মিস কারমেন হাটার, বাংলাদেশ কান্ট্রি ম্যানেজার মোহাম্মদ আল মামুন, স্থানীয় কাংশা ইউপি চেয়ারম্যান মোঃ আব্দুর রউফ সরকার, আদিবাসী নেতা নবেশ খকশি প্রমুখ।